গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বেসরকারি বিশ্ববিদ্যালয় (শা:-১)
www.moedu.gov.bd

নং- ৩৭.০০.০০০০.০৭৮.০২.০০৮.১৩- ২৪১

তারিখঃ ২১ ফাল্গুন ১৪২৩
০৫ মার্চ ২০১৭

বিষয়ঃ শিক্ষাখাতে উচ্চতর গবেষণা সহায়তা কর্মসূচির অধীনে আবেদন আহ্বানের বিজ্ঞপ্তি প্রচারকরণ।

উপর্যুক্ত বিষয়ে শিক্ষা মন্ত্রণালয়ের ০৫ মার্চ ২০১৭ তারিখের ৩৭.০০.০০০০.০৭৮.০২.০০৮.১৩-১৪০ সংখ্যক বিজ্ঞাপনের কপি এতদ্‌সঙ্গে প্রেরণ করা হলো।

২। বিজ্ঞপ্তিটি আবশ্যিকভাবে আগামী ০১ এপ্রিল ২০১৭ তারিখের মধ্যে প্রচারিত দৈনিক ইত্তেফাক, সমকাল, যুগান্তর ও দি অবজারভার পত্রিকায় প্রকাশ করে প্রকাশিত পত্রিকার এক প্রস্থ মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ে প্রেরণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো। উল্লেখ্য, কোন অবস্থাতেই চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক বিজ্ঞাপনের নির্ধারিত হারের অতিরিক্ত কোন অর্থ প্রদান করা হবে না।

০৫.০৩.১৭

(জিন্নাত রেহানা)
উপ-সচিব (বেঃবিঃ-১)
ফোনঃ ৯৫৪৯১৭৬
ই-মেইল moe.unisec17@yahoo.com

বিতরণঃ

১। পরিচালক, বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস), পলাশী, ঢাকা
(বিজ্ঞপ্তিটি পত্রে উল্লিখিত ০৪টি জাতীয় পত্রিকায় প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
(বিজ্ঞপ্তিটি শিক্ষা মন্ত্রণালয়ের ওয়েব সাইটে আপলোড করার অনুরোধসহ)।

অনুলিপিঃ

১। সচিব, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃঃ আঃ যুগ্ম-সচিব, সম্প্রচার)।
২। প্রধান তথ্য কর্মকর্তা, তথ্য অধিদপ্তর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বেসরকারি বিশ্ববিদ্যালয় (শা:-১)
www.moedu.gov.bd

নং- ৩৭.০০.০০০০.০৭৮.০২.০০৮.১৩-১৪০

তারিখঃ ২১ ফাল্গুন ১৪২৩
০৫ মার্চ ২০১৭

বিজ্ঞপ্তি

বিষয়ঃ শিক্ষাখাতে উচ্চতর গবেষণা সহায়তা কর্মসূচির অধীনে ২০১৬-২০১৭ অর্থবছরে গবেষণা প্রস্তাব আহবান।

উচ্চতর গবেষণা পৃষ্ঠপোষকতার মাধ্যমে উন্নত প্রযুক্তির আহরণ, উদ্ভাবন এবং প্রয়োগের বিস্তৃতি সাধন এবং তা ফলপ্রসূভাবে কাজে লাগিয়ে সর্বাধুনিক প্রযুক্তির ব্যবহার, অনুশীলন ও প্রায়োগিক দক্ষতাসম্পন্ন প্রয়োজনীয় সংখ্যক বিজ্ঞানী, প্রযুক্তিবিদ এবং সমাজবিজ্ঞানী গড়ে তোলার লক্ষ্যে নিম্নবর্ণিত গবেষণার ক্ষেত্রসমূহে শিক্ষা মন্ত্রণালয়ের ওয়েব-সাইটে সংরক্ষিত নির্ধারিত ফরমে গবেষণা প্রস্তাব সম্বলিত দরখাস্ত আহবান করা যাচ্ছে।

১। গাণিতিক বিজ্ঞান (Mathematical Sciences);
২। জীবন সম্পর্কিত বিজ্ঞান (Life Sciences);
৩। ভৌত বিজ্ঞান (Physical Sciences);
৪। সামাজিক বিজ্ঞান (Social Science);
৫। আইসিটি (ICT) ;
৬। মেরিন সাইন্স (Marine Science) ;
৭। Sustainable Development Goals (SDGs) এবং ৭ম পঞ্চ বার্ষিকী পরিকল্পনার লক্ষ্যমাত্রা অর্জনে সহায়ক গবেষণা।

২। বাংলাদেশের সকল পাবলিক ও বেসরকারি বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট বিভাগ, স্নাতকোত্তর কলেজসমূহ, উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট বিভাগ এবং পাবলিক চিকিৎসা বিশ্ববিদ্যালয় ও প্রকৌশল বিশ্ববিদ্যালয়সমূহের বিভিন্ন বিভাগে কর্মরত শিক্ষক/গবেষক উচ্চতর গবেষণা সহায়তার জন্য আবেদন করতে পারবেন। আবেদন ফরমে নির্ধারিত স্থানে মুখ্য গবেষকের টেলিফোন নম্বর, মোবাইল নম্বর, ই-মেইল, ফ্যাক্স নম্বর (যদি থাকে) তা আবশ্যিকভাবে উল্লেখ করতে হবে।

৩। **গবেষণা সহায়তা প্রাপ্তির শর্তসমূহঃ-**

(ক) আবেদনকারীগণকে প্রাথমিক পর্যায়ে PCN (Project concept note) দাখিল করতে হবে;
(খ) মান সম্পন্ন দেশি, বিদেশি জার্নালে প্রকাশনা এবং গবেষণায় অভিজ্ঞতা সম্পন্ন আবেদনকারীদের অগ্রাধিকার দেয়া হবে;
(গ) আবেদনকারী গবেষক টীম/গবেষক যাঁর আন্তর্জাতিক/জাতীয় পর্যায়ে সেমিনার/ সিম্পোজিয়াম/ওয়ার্কশপে প্রবন্ধ উপস্থাপনা বা অংশগ্রহণের অভিজ্ঞতা রয়েছে এমন আবেদনকারী প্রাধান্য পাবেন;
(ঘ) ন্যূনতম গবেষণা অবকাঠামো, চলমান গবেষণা সংখ্যা, গবেষণা প্রকাশনা এবং গবেষণা কর্মকান্ডের বৈদেশিক সংযোগমান সন্তোষজনক প্রতীয়মান হতে হবে;
(ঙ) গবেষণার বিষয়বস্তু দেশে প্রয়োগ উপযোগী ও বর্তমান যুগের প্রেক্ষাপটে জাতীয় চাহিদার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ হতে হবে;
(চ) গবেষণার বিষয়ে ইতোমধ্যে সাফল্য/নির্ভরযোগ্যতা/আশাব্যঞ্জক বুৎপত্তি (Achievement) অর্জন করেছেন এমন আবেদনকারীকে অগ্রাধিকার দেয়া হবে;
(ছ) আবেদনকারীকে তিনজন বিশেষজ্ঞের নাম (রেফারী হিসেবে) উল্লেখ করতে হবে।

৪। **আবেদপত্র আগামী ১৫ মে ২০১৭ তারিখের মধ্যে আবশ্যিকভাবে PCN (Project concept note) ফরম পুরণ করে অনলাইনে www.banbeis.gov.bd এর উচ্চতর গবেষণা/ এডভান্স রিসার্চ-এর মাধ্যমে পুরণ করে আবেদন পাঠাতে হবে এবং দুই প্রস্থ হার্ডকপি শিক্ষা মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস), ১নং সোনারগাঁও রোড, পলাশী, নীলক্ষেত, ঢাকা-১২০৫ -এ পৌঁছানো নিশ্চিত করতে হবে।** নির্ধারিত ফরম ছাড়া এবং নির্ধারিত সময়ের পর ও অসম্পূর্ণ কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না। আবেদনকারীকে গবেষণা প্রস্তাবের বিষয়বস্তুর গুরুত্ব, সাফল্য-সম্ভাবনা, গবেষণার আবশ্যকীয় বিষয়াদি ও গবেষণা খাতে ব্যয়ের যৌক্তিকতা পাওয়ার পয়েন্টের মাধ্যমে প্রাথমিক বাছাই/জাতীয় স্টিয়ারিং কমিটির সম্মুখে প্রয়োজনে যথাসময়ে উপস্থাপনা করতে হবে।

৫। গবেষণা সহায়তা কর্মসূচির যাবতীয় তথ্য সম্বলিত নীতিমালা ও PCN (Project concept note) ফরম www.banbeis.gov.bd ওয়েব সাইটে উচ্চতর গবেষণা/এডভান্স রিসার্চ হতে সংগ্রহ করা যাবে।

৬। **উল্লেখ্য যে, গবেষকগণ সারা বছর ধরে Online-এ আবেদন করতে পারবেন।**

(জিন্নাত রেহানা)
উপ-সচিব (বে:বি:-১)
ফোনঃ ৯৫৪৯১৭৬